# আন্তর্জাতিক ট্রাইব্যুনালে রায় শুনতে উপস্থিত ছাত্রনেতারা



সংগৃহীত ছবি

মানবতাবিরোধী অপরাধের মামলায় সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনাসহ তিন আসামির বিরুদ্ধে রায় পড়া শুরু হয়েছে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে। রায়ের সরাসরি সম্প্রচার দেখা যাচ্ছে বাংলাদেশ টেলিভিশন (বিটিভি), ট্রাইব্যুনালের ফেসবুক পেজ এবং আন্তর্জাতিক বার্তা সংস্থা রয়টার্সের মাধ্যমে।

সোমবার (১৭ নভেম্বর) দুপুর ১২টার পর ট্রাইব্যুনাল-১ এর তিন সদস্যের বিচারিক প্যানেল, যার নেতৃত্ব দিচ্ছেন বিচারপতি গোলাম মর্তুজা মজুমদার, রায় ঘোষণা শুরু করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কয়েকজন শীর্ষ ছাত্রনেতা, যাদের মধ্যে ডাকসুর ভিপি সাদিক কায়েম, জিএস ফরহাদ, ছাত্রদলের ভিপি প্রার্থী আবিদ এবং জিএস প্রার্থী হামিমও ছিলেন।

মামলার প্রধান আসামি শেখ হাসিনার সঙ্গে অপর দুই আসামি হলেন সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান এবং পুলিশের সাবেক মহাপরিদর্শক (আইজিপি) চৌধুরী আবদুল্লাহ আল মামুন। এদের মধ্যে সাবেক আইজিপি আবদুল্লাহ আল মামুন ‘রাজসাক্ষী’ হিসেবে জবানবন্দি দিয়েছেন।

গত বৃহস্পতিবার (১৩ নভেম্বর) ট্রাইব্যুনাল-১ এ বিচারপতি মো. গোলাম মর্তুজা মজুমদারের নেতৃত্বাধীন তিন সদস্যের প্যানেল এই রায়ের তারিখ নির্ধারণ করেন। ট্রাইব্যুনালের অপর দুই সদস্য হলেন বিচারপতি মো. শফিউল আলম মাহমুদ এবং বিচারক মো. মোহিতুল হক এনাম চৌধুরী।